

দ্বিতীয় তফসিল
(ধারা ৪৭ দ্রষ্টব্য)
ইউনিয়ন পরিষদের কার্যাবলী

০১	পাঁচশালা ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা তৈরী
০২	পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ
০৩	শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা কার্যক্রম সম্পর্কিত
০৪	স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন
০৫	কৃষি, মৎস্য ও পশু সম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ
০৬	মহামারী নিয়ন্ত্রণ ও দুর্যোগ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ
০৭	কর, ফি, টোল, ফিস ইত্যাদি ধার্যকরণ ও আদায়
০৮	পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ সম্পর্কিত প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন
০৯	খেলাধুলা, সামাজিক উন্নতি সংস্কৃতি ইত্যাদি কার্যক্রমে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও সহযোগিতা প্রদান
১০	পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
১১	আইন শৃংখলা রক্ষায় সরকারের অর্পিত দায়িত্ব পালন ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ
১২	জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ
১৩	সরকারি স্থান, উন্মুক্ত জায়গা, উদ্যান ও খেলার মাঠের হেফাজত করা
১৪	ইউনিয়ন পরিষদের রাস্তায় ও সরকারী স্থানে বাতি জ্বালানো
১৫	বৃক্ষরোপণ ও সংরক্ষণ এবং বৃক্ষসম্পদ চুরি ও ধ্বংস প্রতিরোধ
১৬	কবরস্থান, স্মশান, জনসাধারণের সভার স্থান ও অন্যান্য সরকারী সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও পরিচালনা
১৭	জনপথ, রাজপথ ও সরকারি স্থানে অনাধিকার প্রবেশ রোধ এবং এইসব স্থানে উৎপাত ও তাহার কারণবন্ধ করা
১৮	জনপথ ও রাজপথের ক্ষতি, বিনষ্ট বা ধ্বংস প্রতিরোধ করা
১৯	গোবর ও রাস্তার আবর্জনা সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করা
২০	অপরাধ মূলক ও বিপজ্জনক ব্যবসা নিয়ন্ত্রণ
২১	মৃত পশুর দেহ অপসারণ ও নিয়ন্ত্রণ এবং পশু জবাই নিয়ন্ত্রণ
২২	ইউনিয়নে নতুন বাড়ী, দালান নির্মাণ ও পুনঃ নির্মাণ এবং বিপজ্জনক দালান নিয়ন্ত্রণ
২৩	কুয়া, পানি তোলায় কল, জলাধার, পুকুর এবং পানি সরবরাহের অন্যান্য উৎসের ব্যবস্থাপনা ও সংরক্ষণ
২৪	খাবার পানির উৎসের দূষণ রোধ এবং জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর সন্দেহযুক্ত কূপ, পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানের পানি ব্যবহার নিষিদ্ধ করা
২৫	খাবার পানির জন্য সংরক্ষিত কূপ, পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকটবর্তী স্থানে গোসল কাপড় কাচা বা পশু গোসল করানো নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা
২৬	পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকট বর্তী স্থানে শন, পাট বা অন্যান্য ভিজানো নিষিদ্ধ নিয়ন্ত্রণ করা
২৭	আবাসিক এলাকার মধ্যে চামড়া রং করা বা পাকা করা নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা
২৮	আবাসিক এলাকার মাটি খনন করিয়া পাথর বা অন্যান্য বস্তু উত্তোলন নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা
২৯	আবাসিক এলাকায় ইট, মাটির পাত্র বা অন্যান্য ভাটি নির্মাণ নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা
৩০	অগ্নি, বন্যা, শিলাবৃষ্টিসহ ঝড়, ভূমিকম্প বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোতাবিলায় প্রয়োজনীয় তৎপরতা গ্রহণ ও সরকারকে সার্বক্ষণিক সহায়তা প্রদান
৩১	বিধবা, এতিম, গরিব ও দুঃস্থ ব্যক্তিদের তালিকা সংরক্ষণ ও সাহায্য করা
৩২	সমবায় আন্দোলন ও গ্রামীণ শিল্পের উন্নয়ন উৎসাহ প্রদান
৩৩	বাড়তি খাদ্য উৎপাদনের ব্যবস্থা গ্রহণ
৩৪	গবাদি পশুর খোয়ার নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা
৩৫	প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা করা
৩৬	ইউনিয়নের বাসিন্দাদের নিরাপত্তা, আরাম-আশ্রয় বা সুযোগ সুবিধার জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ
৩৭	ই-গভর্নেন্স চালু উৎসাহিতকরণ
৩৮	ইউনিয়ন পরিষদের মত সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সাথে সহযোগিতা সম্প্রসারণ
৩৯	সরকার কর্তৃক সময়ে সময়ে আরোপিত দায়িত্ববলী